

শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

তাগিদ পত্র -- ২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
মনিটরিং-১ শাখা
www.lgd.gov.bd

৪৬.০৯৯.০১৬.০১.০১.০০৫.২০১১-৬৩৩

তারিখ: ১২/০২/২০১৭।


বিষয় : স্থানীয় সরকার বিভাগের অধীন প্রতিষ্ঠানসমূহের উন্নয়ন প্রকল্পের পরিদর্শন প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত।

সূত্র: ১। এ বিভাগের মনি-১ শাখার স্মারক নং-৪৬.০৯৯.০১৪.০১.০১.০০৩.২০১৩-৫৫৫, তাং-১৭-১০-২০১৬।

২। এ বিভাগের মনি-১ শাখার স্মারক নং-৪৬.০৯৯.০১৪.০১.০১.০০৩.২০১৩-৫৭০, তাং-১৩-১১-২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জেলা পর্যায়ে উপ-পরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি)-এর কর্মপরিধিতে (ToR) প্রতি মাসে উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ, ২য় ও ৩য় শ্রেণীর পৌরসভা পরিদর্শন ও পরিদর্শন প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণের নির্দেশনা রয়েছে। স্থানীয় সরকার বিভাগের আওতায় প্রত্যক্ষভাবে বাস্তবায়নাধীন প্রকল্পের কার্যক্রম পরিদর্শন এবং এলজিইডি, ডিপিএইচই, ওয়াসা ও অন্যান্য সংস্থার কার্যক্রম পরিদর্শনপূর্বক প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণের নির্দেশনা রয়েছে। কিন্তু সেই আলোকে নিয়মিত প্রতিবেদনসমূহ পাওয়া যাচ্ছেনা। যার ফলে ADP সঠিকভাবে বাস্তবায়ন ব্যাহত হচ্ছে। তাই প্রতিমাসে কর্মপরিধির আলোকে সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন এবং উন্নয়ন প্রকল্পসমূহ পরিদর্শনপূর্বক প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য সূত্রোক্ত পত্রদ্বয়ের মাধ্যমে অনুরোধ করা হয়েছিল। কিন্তু নিয়মিত পরিদর্শন প্রতিবেদন পাওয়া যাচ্ছে না।

এমতাবস্থায়, প্রতিমাসে কর্মপরিধির আলোকে সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন এবং উন্নয়ন প্রকল্পসমূহ পরিদর্শনপূর্বক প্রতিবেদনসমূহ একীভূত করে এক ফরওয়ার্ডিং এর মাধ্যমে পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(লুৎফন নাহার) ২২/০২/২০১৭
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫১৪৬১১

উপ-পরিচালক,
স্থানীয় সরকার, জেলা।

অনুলিপি :

- ০১। পরিচালক, স্থানীয় সরকার (সকল বিভাগ)।
- ০২। জেলা প্রশাসক (সকল জেলা)।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ০৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।